(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মিশন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

নম্বর ৫৮.০০.০০০০.০১৬.১১.০০১.২০.৫৫

তারিখ: ৭ শ্রাবণ ১৪২৭
২২ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের পাসপোর্ট ও ভিসা উইং-এ শূন্য পদে কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি।**

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোভূক্ত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনের পাসপোর্ট ও ভিসা উইং-এ শূন্য পদে নিয়োগের জন্য সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে যোগ্য/আগ্রহী কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

মিশনের নাম	পদের নাম	পদ সংখ্যা	আবেদনকারীর যোগ্যতা	কাজের বিবরণ
জেদ্দা, রিয়াদ (সৌদি আরব); আবুধাবী, দুবাই (সংযুক্ত আরব আমিরাত); কুয়েত; সিংঙ্গাপুর; নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র); লন্ডন (যুক্তরাজ্য)	প্রশাসনিক কর্মকর্তা	০৮ (আট)টি	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা অথবা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরের সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট, ট্রাভেল পারমিট ও বাংলাদেশ ভ্রমনে ইচ্ছুক ব্যক্তিদের ভিসা প্রদানসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদান
জেদ্দা, রিয়াদ (সৌদি আরব); আবুধাবী, দুবাই (সংযুক্ত আরব আমিরাত); কুয়ালালামপুর (মালয়েশিয়া); মাস্কাট (ওমান); দোহা (কাতার); কুয়েত; সিংঙ্গাপুর; রোম (ইতালী); ওয়াশিংটন-ডিসি, নিউইয়র্ক (যুক্তরাষ্ট্র); অটোয়া (কানাডা); লন্ডন, বার্মিংহাম (যুক্তরাজ্য); হংকং (চায়না); প্রিটোরিয়া (দক্ষিণ আফ্রিকা)	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩৬(ছত্রিশ)টি	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক অথবা সমপদমর্যাদা সম্পন্ন কর্মচারী এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সমপদমর্যাদা সম্পন্ন কর্মচারী	বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট, ট্রাভেল পারমিট ও বাংলাদেশ ভ্রমনে ইচ্ছুক ব্যক্তিদের ভিসা প্রদানসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা প্রদান

শর্তাবলী:

১। সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইমিগ্রেশন ও পাসেপার্ট অধিদপ্তরে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ১৩-০৮-২০২০ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণপূর্বক সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করবেন। লিখিত আবেদনপত্র নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সিনিয়র সহকারী সচিব (মিশন),স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ভবন নং-০৮, কক্ষ নং-২১৬, ৩য় তলা) এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। ভুল বা অসর্ম্পূণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

২। আবেদনকারীর চাকরি স্থায়ী হতে হবে।

৩। যে সকল কর্মচারী সরকারী চাকুরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার জন্য বিবেচিত হবেন না।

৪। যে সকল কর্মচারী ইতঃপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকুরী করেছেন, চাকুরী শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসে যারা ইতঃপূর্বে সমমর্যাদার পদে চাকুরী করেছেন তাঁরা আবেদন করার জন্য বিবেচিত হবেন না।

৫। ১ম জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না।

৬। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর সত্যায়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৬ নম্বর ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন থাকবে।

৮। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং

নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

২৩-৭-২০২০
মোঃ ইকবাল আখতার
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮০-২-৯৫৪৬৬১৭
ফ্যাক্স: +৮৮০-২-৯৫৭৪৪৯৯
ইমেইল: mission1@ssd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
৩) যুগ্মসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) উপসচিব/উপপ্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৭) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান, সুরক্ষা সেবা বিভাগ
৮) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব কোষ, সুরক্ষা সেবা বিভাগ

জীবন বৃত্তান্ত

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) :

২। বর্তমান আবাসিক ঠিকানা :

৩। স্থায়ী ঠিকানা :

৪। জন্ম তারিখ :

৫। পদবী এবং বর্তমান কর্মস্থল :

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

৭। বর্তমান বেতন স্কেল :

৮। সরকারি চাকরিতে যোগদানের তারিখ :

৯। বর্তমান পদে যোগদানের তারিখ এবং বর্তমান পদে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত):

১০। ইতোপূর্বে যে সকল পদে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ :

১১। বিগত ০৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :

১২। শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি/ম্যাট্রিক হতে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেনী/বিভাগ উল্লেখ করতে হবে) :

১৩। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সাটিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :

১৪। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :

১৫। বিবাহিত/অবিবাহিত ও সন্তান সংখ্যা :

১৬। প্রার্থীত পদ ও মিশনের নাম :

১৭। অন্যান্য বিষয়দি (যদি থাকে) :

আবেদনকারীর স্বাক্ষর

ফোন নম্বর

অফিস

বাসা